



ISO 9001 : 2015



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত-১৯৮৪

নং- ৪৯.০২.০০০০০.০০০.০১.০৬৩.২২/৭০৮

তারিখ : ১০.০৮.২০২২খ্রি.

দক্ষিণ কোরিয়ায় কৃষি ক্ষেত্রে কর্মী নিয়োগ

দক্ষিণ কোরিয়ার বিভিন্ন প্রদেশে কৃষি ও মৎস্য খাতে মৌসুমি শ্রমিক হিসেবে ২০০ (দুইশ) জন বাংলাদেশী শ্রমিক নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে গুগল ডকস ফর্মে আগামী ২০.০৮.২০২২খ্রি. সময়ের মধ্যে চাহিত তথ্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উক্ত তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনে প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হবে:


সংখ্যা	মেয়াদ	মূল বেতন	কর্ম ঘণ্টা	সাপ্তাহিক ছুটি	মন্তব্য
২০০ জন	০৫ মাস (সর্বোচ্চ)	৯১৬০ ওন/ঘণ্টা	০৮ ঘণ্টা	০১ দিন	আনুমানিক ১ লক্ষ ২০ হাজার টাকা/মাসে

চাকরির শর্তাবলী

- ১। ভিসার ধরণ- E-৪ ।
- ২। সুঠাম দেহের অধিকারী ও কঠোর পরিশ্রমী হতে হবে।
- ৩। বয়স: ৩০-৪৫ বছর হতে হবে।
- ৪। চাকমা, মারমা, গারো, সাঁওতাল ও অন্যান্য উপজাতি প্রার্থী অগ্রাধিকার পাবে।
- ৫। জেলা প্রশাসক কর্তৃক উপজাতি সম্প্রদায় সনদ দাখিল করতে হবে।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সনদ দাখিল করতে হবে।
- ৭। নিয়োগকর্তার চাহিদা মোতাবেক ওভার টাইমের সুযোগ রয়েছে।
- ৮। কৃষি ও মৎস্য চাষে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- ৯। পুরুষ ও নারী উভয় আবেদন করতে পারবে (গর্ভবতী নারী আবেদন করতে পারবে না)।
- ১০। মাদকাসক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন।
- ১১। যার নামে ইতঃপূর্বে রাষ্ট্রীয় নির্দেশে কারা অন্তরীণ বা কঠোর শাস্তি হয়নি।
- ১২। যার উপর বিদেশ যাত্রার বিষয়ে কোন নিষেধাজ্ঞা নেই বা যেতে কোন সমস্যা নেই।
- ১৩। পাসপোর্টের মেয়াদ ন্যূনতম ০১ বছর থাকতে হবে।
- ১৪। দক্ষিণ কোরিয়ায় কর্মস্থলে শূকরের বিষ্ঠার মাধ্যমে চাষাবাদ বাধ্যতামূলক।
- ১৫। নিয়োগকর্তার চাহিদা মোতাবেক কর্মকাল সম্পন্ন করলে পরবর্তী ধাপে চাকরিতে অগ্রাধিকার পাবে।
- ১৬। দক্ষিণ কোরিয়ায় যাওয়া-আসার বিমান ভাড়া কর্মীর নিজেকে বহন করতে হবে।
- ১৭। কোভিড-১৯ অতিমারির কারণে দক্ষিণ কোরিয়ায় গমনের পূর্বে নিজ ব্যয়ে ০৭ দিনের সঞ্চারনিরোধ করতে হবে।
- ১৮। অন্যান্য সুযোগ সুবিধা কোরিয়ার শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য।
- ১৯। বিজ্ঞাপন/ কর্মী নির্বাচন দক্ষিণ কোরিয়ায় চাকরির নিশ্চয়তা বহন করে না।
- ২০। নির্ধারিত সময় শেষে কর্মীকে বাংলাদেশে ফিরে আসতে হবে।
- ২১। নির্বাচনের ক্ষেত্রে কোন ধরণের তদবির বা সুপারিশ আপনার অযোগ্যতা বলে গণ্য হবে।
- ২২। EPS প্রার্থী বা পূর্বে দক্ষিণ কোরিয়ায় অবস্থান করেছেন তাদের আবেদন গ্রহণযোগ্য নয়।
- ২৩। নির্ধারিত গুগল ডকস এ চাহিত তথ্য ইংরেজিতে দাখিল করতে হবে- <https://forms.gle/pZQASmNja8hMrpuaA>

সার্ভিস চার্জ

- ১। বোয়েসেল-এর সার্ভিস চার্জ বাবদ ১৫,০০০/-, ভ্যাট, ট্যাক্স, ভিসা, স্মার্ট কার্ড, কল্যাণ তহবিল, বীমা, ডাটাবেইজ রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৪,৮৯০/- সহ মোট ২৯,৮৯০/- প্রদান করতে হবে।
- ২। নির্বাচিত প্রার্থীদের জামানত বাবদ ৫০,০০০/- (ফেরত যোগ্য) প্রদান করতে হবে।
- ৩। সংশ্লিষ্ট প্রার্থী ও অভিভাবক/সুপারিশকারীর নিকট থেকে ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা গ্রহণ করা হবে।
- ৪। নির্ধারিত সময় শেষে ফিরে না আসলে জামানত বাজেয়াপ্ত করা হবে এছাড়া সংশ্লিষ্ট কর্মী এবং তার অভিভাবক/সুপারিশকারীর নামে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫। বাছাই প্রক্রিয়া সম্পন্ন হলে নিয়োগকর্তা কর্তৃক CCVI/ ভিসা সংক্রান্ত কার্যাদি এর জন্য প্রমাণাদি প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্র বোয়েসেল গ্রহণ করবে।


১০.৮.২০২২

বনানী বিশ্বাস
মহাব্যবস্থাপক

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইন্টারন্যাশনাল গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৯৩৩৬৫০৮, ৪৮৩১৯২৫ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd